

তারিখঃ ১০/১০/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- ৫৮.০৩.৪০৮৭.০০৬.১৪.০৩০.২৩- ৬২৪

প্রতি : স্টেশন অফিসার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,
সাতক্ষীরা সদর/কালিগঞ্জ/তালা/আশাশুনি/কলারোয়া/দেবহাটা/শ্যামনগর, সাতক্ষীরা।

বিষয় : আসন্ন শারদীয়া দুর্গাপূজা/২০২৩ উদযাপন উপলক্ষ্যে অগ্নিনিরাপত্তা বিষয়ক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : উপপরিচালকের দপ্তর, খুলনার স্মারক নং-৫৮.০৩.৪০০০.০০২.৯৯.০৪০.২২-১৯২০/৩ তারিখঃ ০৪/১০/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের আওতাধীন সাতক্ষীরা সদর, কালিগঞ্জ, দেবহাটা, কলারোয়া, আশাশুনি, শ্যামনগর এবং প্রকল্প তালা স্টেশন সমূহে অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক প্রতি বছরের ন্যায় এ বছরে ও শারদীয়া দুর্গাপূজা মাসিক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ২০ অক্টোবর হতে ২৪ অক্টোবর-২০২৩ খ্রিঃ পর্যন্ত উদযাপিত হতে যাচ্ছে। এ উপলক্ষ্যে সমগ্র দেশের পূজামন্ডপগুলোর শান্তি, শৃঙ্খলা এবং নিরাপত্তা বজায় রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। যাতে করে যে কোন অশুভ শক্তি ও স্বার্থস্বেষী মহল সম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে না পারে, সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে ও সতর্ক থাকতে হবে। তাই সকল জেলা সদর/উপজেলার পূজামন্ডপগুলো সরেজমিনে পরিদর্শন ও পূজা কমিটির সম্মানিত সদস্যদের সাথে যোগাযোগ রক্ষা করে স্থানীয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের যে কোন অনাকাঙ্ক্ষিত ও আপদকালীন পরিস্থিতিতে তাৎক্ষণিক সেবা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহঃ

- ১। সমগ্র দেশের পূজামন্ডপ কমিটিসহ দায়িত্বরতদের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে অগ্নি প্রতিরোধ ও অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান।
- ২। প্রতিটি পূজামন্ডপ সরেজমিনে পরিদর্শন করে আওতাধীন এলাকার সকল পূজামন্ডপের তালিকা সংগ্রহপূর্বক কমিটির মোবাইল নম্বরসহ আগামী ১২-১০-২০২৩ তারিখের মধ্যে উপসহকারী পরিচালকের দপ্তর সাতক্ষীরায় প্রেরণ।
- ৩। স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক গুরুত্বপূর্ণ পূজামন্ডপে গাড়ী/পাম্প/ফায়ার এক্সটিংগুইসার সহ ০১টি অগ্নিনির্বাপন ইউনিট ও গ্র্যাভুলেপ গাড়ি নিয়োজিত রাখতে হবে এবং স্থানীয় ভলান্টিয়ারদের সহযোগিতায় পূজামন্ডপ কমিটির উদ্যোগে অগ্নিনির্বাপক যন্ত্রসহ একটি ফায়ার ফাইটিং টিম গঠন নিশ্চিত করা।
- ৪। যে সকল ফায়ার স্টেশনে টু-হিলার ওয়াটারমিস্ট/মটর সাইকেল বরাদ্দ প্রদান করা হয়েছে। সে সব এলাকার পূজামন্ডপে টু-হিলার ওয়াটারমিস্ট মটর সাইকেল দিয়ে টহল ডিউটির ব্যবস্থা।
- ৫। প্রতিটি পূজামন্ডপে ০৫ কেজি ওজনের এবিসি-ডাই-কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার ও অগ্নিনির্বাপক যন্ত্র রাখার জন্য স্থানীয় পূজা কমিটিকে পত্রের মাধ্যমে অনুরোধ করা ও বিষয়টি জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত দুর্গাপূজার সভায় উপস্থাপন করা।
- ৬। প্রতিটি পূজামন্ডপের কমিটি ও স্থানীয় ভলান্টিয়ারদের সাথে ফায়ার স্টেশন কর্তৃপক্ষ সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবে এবং তাদের টেলিফোন নম্বর সংগ্রহে রাখা।
- ৭। পূজামন্ডপে ফায়ার সার্ভিসের জরুরি টেলিফোন নম্বরসহ দুর্ঘটনা-দুর্যোগে করণীয় সম্পর্কে লিফলেট বিতরণ করা।
- ৮। পূজামন্ডপে অগ্নি প্রতিরোধক বৈদ্যুতিক তার/মান সম্পন্ন বৈদ্যুতিক তার বিদ্যুতের লোড অনুযায়ী ব্যবহারসহ অতি দাহ্যবস্তু ব্যবহার হতে বিরত থাকার জন্য স্থানীয় পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান।
- ৯। প্রতিটি পূজামন্ডপে আলোক-সজ্জার জন্য ব্যবহারকৃত বৈদ্যুতিক ক্যাবল যাতে এলোমেলো অবস্থায় না থাকে বা অপরিষ্কৃত ভাবে সাজ-সজ্জার বৈদ্যুতিক তারের জন্য জরুরি সূত্রে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপন গাড়ী যাতায়াতে যাতে বাধাগ্রস্ত না হয়। সে দিকে লক্ষ্য রাখার জন্য পূজা কমিটিকে পরামর্শ প্রদান।
- ১০। অসাবধানতাই অগ্নিকান্ডের প্রধান কারণ। তাই প্রতিটি পূজা মন্ডপে ধর্মীয় আচারাদির কারণে প্রজ্বলিত মোমবাতি, খোলাবাতি, খুপবাতি সতর্কতার সাথে ব্যবহার করতে পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান।
- ১১। স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা এবং তাদের টেলিফোন/সেল নম্বর সংগ্রহে রাখা।
- ১২। যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলায় জেলা/উপজেলা/ফায়ার স্টেশনে ০১ টি কুইক রেসপন্স টিম প্রস্তুত করে উপসহকারী পরিচালকের দপ্তরের ই-মেইলে ১১-১০-২০২৩ খ্রিঃ তারিখে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। পূজামন্ডপে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ফুল পিপিই, মাস্ক পরিধান করে বিশেষ সতর্কতা অবলম্বন করে ডিউটি পালন করা।

উপরোক্ত বিষয়গুলো সকল ফায়ার স্টেশন নিজ নিজ আওতাধীন এলাকায় তদারকি করবেন।

✓ ১০/১০/২০২৩
উপ সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সাতক্ষীরা।

বিতরণঃ (মহোদয়ের সদয় অবগতির জন্য)

- ১। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগ, খুলনা।
- ২। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা।